

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৭৪/২০১৯

তারিখঃ ০৮/১২/২০১৯খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

কাস্টম হাউস, চট্টগ্রাম এর নথি নং-০১/অফ-ডক/সফি মোটরস/কাস/২০১২-১৩/০১, তারিখ : ০৩/১২/২০১৯খ্রিঃ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-০১/অফ-ডক/সফি মোটরস/কাস/২০১২-১৩/

তারিখ : ১২/২০১৯খ্রিঃ

প্রেরক : এ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

প্রাপক : ব্যবস্থাপনা পরিচালক
সফি মোটরস লিঃ
ইনল্যান্ড কন্টেইনার ডিপো/ অফ ডক
চট্টগ্রাম।

বিষয়ঃ- রপ্তানির উদ্দেশ্যে আনীত পণ্য পরীক্ষণের পূর্বে কন্টেইনারজাত/স্টাফিং না করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার মনোযোগ আকর্ষণ করা হলো।

০২। বেসরকারী আইসিডি/ অফ-ডকে রপ্তানির উদ্দেশ্যে পণ্যবাহী যান/কন্টেইনার প্রবেশের পর ডিপোর সংশ্লিষ্ট ওয়ার হাউস বা শেডে পরীক্ষণের জন্য পণ্যসমূহ সুশৃঙ্খলভাবে সংরক্ষণের বিধান রয়েছে। অতঃপর আলোচ্য পণ্য চালানোর পরীক্ষণ যথানিয়মে সম্পন্ন হলে উক্ত পণ্য চালান যথাযথভাবে নির্ধারিত কন্টেইনারে লোড করতে হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় রপ্তানিকারক বা তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্ট রপ্তানিতব্য পণ্য পরীক্ষণের পূর্বেই কাস্টমস কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে সরাসরি নির্ধারিত কন্টেইনারে স্টাফিং বা কন্টেইনারজাত করার পর পরীক্ষণের জন্য কাস্টমস কর্তৃপক্ষের নিকট শিপিং বিল/বিল অব এক্সপোর্ট দাখিল করেন। এক্ষেত্রে উক্ত পণ্য চালান একদিকে যেমন নির্দেশ মোতাবেক পরীক্ষণ করা সম্ভব হয় না অন্যদিকে কন্টেইনারের ভিতরে ঘোষণা বহির্ভূত অন্য কোন পণ্য রপ্তানি হচ্ছে কি না- তা উদঘাটন করা সম্ভব হয়ে উঠে না। ফলে পরীক্ষণের মূল উদ্দেশ্যেই ব্যহত হওয়ার সম্ভাবনা থেকে যায়।

০৩। এমতাবস্থায়, এখন থেকে প্রতিটি রপ্তানি চালানোর পরীক্ষণ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর উক্ত পণ্য চালান যথানিয়মে কন্টেইনারজাত করার বিষয়টি নিশ্চিতকরণ এবং একইসাথে রপ্তানিতব্য পণ্যের সকল যান/কন্টেইনার প্রবেশের পর রিসিভ/প্রাপ্তিস্বীকার প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৪। উল্খ্য, যে সকল রপ্তানিকারকের ক্ষেত্রে তাদের ফ্যাক্টরী অঙ্গন হতে সরাসরি রপ্তানিযোগ্য পণ্য চালান লোড করার অনুমোদন রয়েছে তাদের ক্ষেত্রে আলোচ্য পত্রটি প্রযোজ্য নয়।

রপ্তানির স্বার্থে বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-
(ফরহাদ আব্বাস খান)
এ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-০১/অফ-ডক/সফি মোটরস/কাস/২০১২-১৩/০১

তারিখ : ০৩/১২/২০১৯খ্রিঃ